জিইপি/বাহক মারফত

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৪২, এম এম আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম

**বিচারাদেশ নং ঃ ৩৭ /২০২১, তারিখ ঃ ০২ /০৬/২০২১খ্রি.**

নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/ফ্যাশন ক্রিয়েট/শুল্ক গোয়েন্দা মামলা/রাজস্ব ফাঁকি/০৩/২০১৯/ তারিখ- /০৫/২০২১খ্রি.

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ এ. কে. এম মাহবুবুর রহমান।
পদবী ঃ কমিশনার (চঃ দাঃ), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

**মূল আদেশ**

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

৩। আপিল আবেদনের উপর টাকা ১,২০০/- (এক হাজার দুইশ টাকা মাত্র) টাকা মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) The Court Fees Act, 1870 এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপিল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

৬। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপীলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম।

খ) অনিয়ম এর বিবরণ ঃ শতভাগ তৈরী পোষাক শিল্পের জন্য বিনামূল্য (প্রচলিত FOC) ভিত্তিতে বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল আমদানির ক্ষেত্রে রাজস্ব ফাঁকির অভিযোগ।

৮। **মামলার প্রেক্ষাপট ঃ**

প্রতিষ্ঠান মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম, ১০০% রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান হিসাবে বন্ড সুবিধার আওতায় কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামে নিবন্ধিত, যার বন্ড লাইসেন্স নং-৫(১৩)কাসঃ বন্ডঃ কমিঃ/আঃকাঃ/লাই(পোঃ)/০১/২০০৩, তাং-২৭/০২/২০০৩ইং, মূসক নিবন্ধন নং- ২৪০৩১০২৯২২৭, তাং- ১৭/১২/২০১৪খ্রি.।

শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিবি ভবন (১০ম তলা), ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকার ০৫/০৭(১২২)তদন্ত/২০১৮/FOC/২৩৪, তাং-২০/০১/২০১৯খ্রিঃ এর মাধ্যমে রাজস্ব ফাঁকির প্রতিবেদনের মাধ্যমে জানা যায় যে, শতভাগ তৈরী পোষাক শিল্পের জন্য বিনামূল্যে বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল আমদানির ক্ষেত্রে রাজস্ব ফাঁকির বিষয়ে একটি গোপন সংবাদের ভিত্তিতে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের ০৪ (চার) জন সহকারী/উপ-পরিচালকদের নেতৃত্বে পৃথক পৃথক টিম কর্তৃক ১৩টি প্রতিষ্ঠানের উপর অনুসন্ধান চালানো হয়। অনুসন্ধান শেষে উল্লিখিত কমিটি কর্তৃক একটি প্রতিবেদন দাখিল করা হয়। উল্লিখিত ১৩টি প্রতিষ্ঠানের মধ্যে আপনার মালিকানাধীন মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম অন্যতম। প্রতিষ্ঠান মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম এর লিয়েন ব্যাংক মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম ও মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা। শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের নথি নং-০৫/০৭(৬৪)গোপ/গোওত/চট্ট/২০১৮/৪৪১, তাং-১১/০৩/২০১৮ইং মূলে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা অবহিত হয়েছে যে, নো-কস্ট সুবিধার অপব্যবহার করে প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত ০৪টি চালান খালাস স্থগিত করা হয়েছে। এছাড়াও শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের নথি নং-০৫/০৭(৬৪)গোপ/গোওত/চট্ট/২০১৮/৪৬৪, তাং-২৮/০২/২০১৮ইং মূলে ১৩টি প্রতিষ্ঠানের আমদানিকৃত ৫০টি চালানের তথ্য প্রতিবেদন পর্যালোচনা করা হয়েছে। প্রতিষ্ঠানের ০৪টি চালানের মধ্যে ০২টি চালানের হাউস বি/এল এর তথ্য প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে প্রত্যয়ন পত্রের তথ্য ও সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। আলোচ্য প্রতিষ্ঠানের ০৪টি চালান আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশের বিধান লংঘন করা হয়েছে। এ বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ ও পর্যালোচনা শেষে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়েছে :-

চলমান পাতা/০২

ক) মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম কর্তৃক ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থবছরে লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র ব্যতিরেকে এফওসি সুবিধায় পণ্য আমদানি করা হয়েছে;

খ) প্রতিষ্ঠান কর্তৃক ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থবছরে লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র ও এলসি ব্যতীত ৭৮৩১৬+৩৭৪০+৩৯৭৫) =৮৬,০৩১ (ছিয়াশি হাজার একত্রিশ) মাঃ ডলার ব্যাংকিং চ্যানেলে পরিশোধ না করে পণ্য আমদানি করা হয়েছে; এবং

গ) ২০১৫-২০১৬ অর্থবছরে ১০টি ২০১৬-২০১৭ অর্থবছরে ৩টি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ২টি; মোট (১০+৩+২) = ১৫টি বি/ই এর মাধ্যমে লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র ও এলসি ব্যতিত ২০১৫-২০১৬ অর্থবছরে ৪৩,৬৬৭ কেজি, ২০১৬-২০১৭ অর্থবছরে ৯,৩২৯ কেজি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ৩৯,৭৫০ কেজি; মোট (৪৩,৬৬৭+৯,৩২৯+ ৩৯৭৫০)=৯২,৭৪৬ কেজি কাঁচামাল নো-কস্ট ভিত্তিতে আমদানি করা হয়েছে। যার শুল্ক করাদি যথাক্রম (৩৮,৪৮,৯২২+২,৫১,৫৭২+১,০৫,৪৮,৮২৫) = সর্বমোট ১,৪৬,৪৯,৩১৯ (এক কোটি ছেচল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত উনিশ) টাকা ,যা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য।

উপর্যুক্ত মতামতের আলোকে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলা নং-১৬০/২০১৮, তাং- ১৩/১২/২০১৮ইং পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৫-২০১৬ অর্থবছরে ১০টি; ২০১৬-২০১৭ অর্থবছরে ৩টি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ২টি; মোট (১০+৩+২) = ১৫টি বি/ই এর মাধ্যমে প্রত্যয়নপত্র ও এলসি ব্যতিত ২০১৫-২০১৬ অর্থবছরে ৪৩,৬৬৭ কেজি; ২০১৬-২০১৭ অর্থবছরে ৯,৩২৯ কেজি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ৩৯,৭৫০ কেজি; মোট (৪৩,৬৬৭+৯,৩২৯+ ৩৯৭৫০)=৯২,৭৪৬ কেজি কাঁচামাল লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র ব্যতিত নো-কস্ট ভিত্তিতে আমদানি করা হয়েছে। যার শুল্ক করাদি যথাক্রম (৩৮,৪৮,৯২২+২,৫১,৫৭২+১,০৫,৪৮,৮২৫) = সর্বমোট ১,৪৬,৪৯,৩১৯ (এক কোটি ছেচল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত উনিশ) টাকা, যা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য বিধায়, আলোচ্য রাজস্ব ফাঁকির মামলা দায়ের করা হয়েছে।

৯। <u>কারণ দর্শানো নোটিশ জারী ঃ</u>

প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বন্ড সুবিধায় ২০১৫-২০১৬ অর্থবছরে ১০টি; ২০১৬-২০১৭ অর্থবছরে ৩টি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ২টি; মোট (১০+৩+২) = ১৫টি বি/ই এর মাধ্যমে লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র ও এলসি ব্যতিত ২০১৫-২০১৬ অর্থবছরে ৪৩,৬৬৭ কেজি; ২০১৬-২০১৭ অর্থবছরে ৯,৩২৯ কেজি ও ২০১৭-২০১৮ অর্থবছরে ৩৯,৭৫০ কেজি; মোট (৪৩,৬৬৭+৯,৩২৯+ ৩৯৭৫০)=৯২,৭৪৬ কেজি কাঁচামাল নো-কস্ট ভিত্তিতে আমদানি করা হয়েছে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এহেন কার্যকলাপ The Customs Act, 1969 এর Section 32 এবং আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৪.১৮ এর সুস্পষ্ট লংঘন যা The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 14 মোতাবেক শাস্তিযোগ্য এবং একই আইনের Section13(3)এ প্রদত্ত ক্ষমতাবলে বন্ড লাইসেন্স বাতিলযোগ্য। এছাড়া The Customs Act, 1969 এর Section 32 এর **বিধান মোতাবেক অবৈধ অপসারিত পণ্যের উপর জড়িত শুল্ক-করাদি বাবদ মোট ১,৪৬,৪৯,৩১৯.০০ (এক কোটি ছেচল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত উনিশ) টাকা** প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা হবে না সে বিষয়ে ব্যাখ্যা চেয়ে এ দপ্তরের পত্র নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/ফ্যাশন ক্রিয়েট/শুল্ক গোয়েন্দা মামলা/রাজস্ব ফাঁকি/০৩/২০১৯/৮৪১, তাং-২৬/০২/২০১৯খ্রি. এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।

১০। <u>কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল ঃ</u>

গত ১০/০৩/২০১৯খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছেন। দাখিলকৃত কারণ দর্শানো নোটিশে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেছেন যে, আরোপিত অভিযোগ সঠিক নয়। এ বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য ০৩ (তিন) মাস সময় বৃদ্ধির আবেদন করেন। আবেদন মোতাবেক (বিশ) দিন সময় মঞ্জুর করা হয়। পুনরায় গত ০১/০৪/২০১৯খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবে তারা উল্লেখ করেন যে, নো-কস্ট সুবিধার অপব্যবহার ও বিভিন্ন মতামত প্রদানসহ প্রত্যয়নপত্র ব্যতিরেকে এফওসি সুবিধায় ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থবছরে মোট ১৫টি বি/ই এর মাধ্যমে ৯২,৭৪৬ কেজি কাঁচামাল নো-কস্ট ভিত্তিতে যাহা আমদানি করা হয়েছে বলা হচ্ছে তাহা যথাযথ রপ্তানি করা হয়েছে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ মর্মে জানান যে, আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ বাণিজ্য মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ/পরিপত্রসমূহের প্রেক্ষিতে এল.সি ব্যতিরেকে এফ.ও.সির মাধ্যমে পণ্য আমদানি করে থাকেন। বিভিন্ন সময় ই.এক্স.পি এর মাধ্যমে যাহা চ্যানেল পরিশোধ ব্যতিরেকে এফ.ও.সির মাধ্যমে পণ্য রপ্তানি সম্ভব হয়, যা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিভিন্ন সময়ে রপ্তানি করেছেন। যা এ দপ্তরে ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ পর্যন্ত নিরীক্ষা সমাপ্তির লক্ষ্যে গত ০১/১১/২০১৬খ্রি. এবং ২২/০১/২০১৭খ্রি. তারিখে জমাপ্রদান করেছেন এবং তা দ্রুত সমাপ্তির প্রক্রিয়া গ্রহণ করবেন মর্মে অবহিত করেন।

চলমান পাতা/০৩

১১। **শুনানীর দিনক্ষণ নির্ধারন ঃ**

আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগ এবং বন্ডারের জবাবের আলোকে বিষয়টি আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে ব্যক্তিগত শুনানী গ্রহনের নিমিত্তে দিনক্ষণ নির্ধারণপূর্বক প্রতিষ্ঠান বরাবরে পত্র প্রেরণ করা হয়েছিল। শুনানীর জন্য নির্ধারিত তারিখসমূহ হলো ২৯/০৪/২০১৯খ্রি., ০৪/১২/২০১৯খ্রি. ২৮/১২/২০২০খ্রি., ২৭/০১/২০২১খ্রি.। তৎপরবর্তীতে ১৮/০২/২০২১খ্রি. তারিখ নির্ধারণপূর্বক প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবহিত করা হয়। পরবর্তীতে পুনরায় ০২/০৩/২০২১খ্রি., ০৬/০৪/২০২১ এবং ০৬/০৫/২০২১খ্রি. তারিখে শুনানীর জন্য প্রতিষ্ঠান ও মামলা দায়েরকারী কর্তৃপক্ষকে অবহিত করা হয়। মামলা দায়েরকারী দপ্তর কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত হলেও অভিযুক্ত প্রতিষ্ঠান নানা অজুহাতে শুনানীতে উপস্থিত হননি। অর্থাৎ অভিযুক্ত প্রতিষ্ঠান কালক্ষেপনের কৌশল অবলম্বন করেছে।

১২।**পর্যালোচনা ঃ**

বন্ডার মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠানের শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রতিবেদন, দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলার প্রতিবেদন, কারণ দর্শানো নোটিশ, লিখিত বক্তব্য, শুনানীতে প্রদত্ত বক্তব্য ও নথিতে রক্ষিত অপরাপর দলিলাদি পর্যালোচনা করা হয়েছে। পর্যলোচনায় দেখা যায় যে, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক অভিযুক্ত প্রতিষ্ঠান M/s. Fashion Create Apparels Ltd এর বিরুদ্ধে দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলা নং-১৬০/২০১৮, তারিখঃ ১৩/১২/২০১৮খ্রিঃ এর বিপরীতে জড়িত রাজস্ব ১,৪৬,৪৯,৩১৯ (এক কোটি ছেচল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার তিনশত উনিশ) টাকা আদায়ের লক্ষ্যে গত ২৬/০২/২০১৯খ্রিঃ তারিখে কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ০৭ (সাত) বার ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান করা হলেও নানা অজুহাতে উপস্থিত না হয়ে পত্র মারফত শুনানীর তারিখ পরিবর্তনের আবেদন করেছেন অর্থাৎ প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মামলা কার্যক্রম দীর্ঘায়িত করার জন্য কৌশল অবলম্বন করেছেন।

সর্বশেষ গত ০৬/০৫/২০২১খ্রি. তারিখে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে রাজস্ব ফাঁকির মামলা দায়েরকারী শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা এর এর রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ সজিব মিয়া উপস্থিত হয়েছেন এবং অভিযুক্ত প্রতিষ্ঠান M/s. Fashion Create Apparels Ltd এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১৬০/২০১৮, তারিখঃ ১৩/১২/২০১৮খ্রিঃ এর বিষয়ে জানান যে, উল্লিখিত মামলায় ভুলবশত বি/ই নং- সি-৪৯৩৭১৮, তারিখঃ ১৩/০৪/২০১৭খ্রিঃ এর পুনরাবৃত্তি হয়েছে বিধায় বি/ই নং- সি-৪৯৩৭১৮, তারিখঃ ১৩/০৪/২০১৭খ্রিঃ এর সহিত জড়িত রাজস্ব ২,৫১,১০৬ (দুই লক্ষ একান্ন হাজার একশত ছয়) টাকা বাদ দিয়ে অবশিষ্ট ১,৪৩,৯৮,২১৩ (এক কোটি তেতাল্লিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত তের) টাকা রাজস্ব ফাঁকি নির্ধারণ করা যেতে পারে। আলোচ্য প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত বন্ড অফিসার জানান যে, সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমদানি-রপ্তানি সংক্রান্ত তথ্য এসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যতিত তথ্যাদি লিপিবদ্ধকরণের জন্য কোন প্রকার বন্ড রেজিস্টার সংরক্ষণ করে না এবং অভিযুক্ত প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শনে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ'কে উৎপাদন রেজিস্টার, তৈরি পণ্য মজুদ রেজিস্টার, পি. আই, এল,সি কপি, ডেলিভারী চালান, ব্যাংকের পিআরসি, বিল অব এন্ট্রির কপি এ দপ্তরে জমা প্রদান করার জন্য বলা হলেও দীর্ঘদিন যাবত তা দাখিল করেননি। আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৪.১৮ অনুযায়ী "বিদ্যমান ফ্যাক্টরীর বেলায় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিগত বৎসরের রপ্তানি তথা পারফরমেন্সের ব্যাপারে ইস্যুকৃত সনদপত্রের উপর ভিত্তি করিয়া পরিমাণ নির্ধারণ করা হইবে"; অর্থাৎ নো-কস্ট ভিত্তিতে কাঁচামাল আমদানির ক্ষেত্রে বিগত বৎসরের পারফমেন্সের উপর সনদ ইস্যুর বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আলোচ্য মামলার ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ব্যাংক হতে উক্ত সনদ গ্রহণ করেননি। এক্ষেত্রে প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনিত আলোচ্য অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো ঃ-

চলমান পাতা/০৪

# আদেশ

মামলা প্রতিবেদন, প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিবৃতি ও রাজস্ব ফাঁকির মামলা নিষ্পত্তির লক্ষ্যে পারিপার্শ্বিক অবস্থা ও আইনানুগ ভিত্তিসহ যাবতীয় বিষয়াদি পর্যালোচনা করা হলো। বন্ডার মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ, ১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত রাজস্ব ফাঁকির অভিযোগটি প্রমাণিত ও প্রতিষ্ঠিত হওয়ায় উক্ত মালামালের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ **১,৪৩,৯৮,২১৩ (এক কোটি তেতাল্লিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত তের)** টাকা দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১১১ মোতাবেক আদায়যোগ্য বিধায় পরিশোধের নির্দেশ দেওয়া হলো। এছাড়াও প্রতিষ্ঠান কর্তৃক The Customs Act, 1969 এর Section 32 এবং আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৪.১৮ এর সুস্পষ্ট লংঘন হওয়ায় The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 14 অনুযায়ী উল্লিখিত প্রতিষ্ঠান-কে **২,৮৮,০০,০০০.০০ (দুই কোটি আটাশি লক্ষ)** টাকা অর্থদন্ড আরোপ করা হলো। ফাঁকিকৃত রাজস্ব ও আরোপিত অর্থদন্ডসহ সর্বমোট **৪,৩১,৯৮,২১৩.০০ (চার কোটি একত্রিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত তেরো)** টাকা এ আদেশ জারীর ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে ট্রেজারী চালানের মূলকপি এই দপ্তরে দাখিল করার নির্দেশ দেয়া হলো।

(এ. কে. এম মাহবুবুর রহমান)
কমিশনার (চঃ দাঃ)
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইলঃ cbcctg@yahoo.com

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক,
মেসার্স ফ্যাশন ক্রিয়েট এ্যাপারেলস লিঃ,
১২৪৮/১২৪৯, ডি.টি রোড, ধনিয়ালাপাড়া,
চট্টগ্রাম।

নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/ফ্যাশন ক্রিয়েট/শুল্ক গোয়েন্দা মামলা/রাজস্ব ফাঁকি/০৩/২০১৯/ ১৭৭২ তারিখ- ০২/০৮/২০২১খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩-৭। কমিশনার, ঢাকা/বেনাপোল/মংলা/আইসিডি/পানগাঁও।
০৮। দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
১০। প্রথম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (লেবেল ৪-৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
১১। এনআরবিসি ব্যাংক লিঃ, ও. আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম।
১২। অগ্রনী ব্যাংক লিঃ, নিউ মার্কেট কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
১৩। অফিস কপি।

০৩/৮/২০২১
(দ্বৈপায়ন চাকমা)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে

C:\Users\Admin\Google Drive\AAA\A-4\bichardesh.doc